Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯



## প্রথম আলো

# ঢাবিতে রাজনীতির প্রকৃতি-ধরন নির্ধারণে বিশেষ কমিটি

**নিজস্ব প্রতিবেদক**, *ঢাকা*

ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) ক্যাম্পাসে রাজনীতি চর্চার প্রকৃতি ও ধরন কেমন হবে, সে বিষয়ে বিশেষ কমিটি গঠন করেছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। বিভিন্ন ক্ষেত্রের বিশিষ্ট চার ব্যক্তির সমন্বয়ে গঠিত এ কমিটি বিশ্ববিদ্যালয়ের প্রধান অংশীজনদের সঙ্গে আলোচনার মাধ্যমে কর্তৃপক্ষকে ছাত্ররাজনীতির প্রকৃতি ও ধরন বিষয়ে প্রয়োজনীয় পরামর্শ ও সুপারিশ দেবে।

গতকাল বৃহস্পতিবার বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দপ্তর থেকে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ কমিটি গঠনের কথা জানানো হয়।

ক্যাম্পাসে রাজনীতির বিষয়ে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের করা এ কমিটির আহ্বায়ক করা হয়েছে সুপ্রিম কোর্টের আপিল বিভাগের অবসরপ্রাপ্ত বিচারপতি মো. আবদুল মতিনকে। কমিটির সদস্য হিসেবে আছেন বাংলা একাডেমির চেয়ারম্যান ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের অবসরপ্রাপ্ত অধ্যাপক আবুল কাসেম ফজলুল হক, পিএসসির সাবেক চেয়ারম্যান ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের উদ্ভিদবিজ্ঞান বিভাগের অবসরপ্রাপ্ত অধ্যাপক জেড এন তাহমিদা বেগম এবং বিশ্ববিদ্যালয়ের গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের অধ্যাপক এস এম শামীম রেজা।

## ইত্তেফাক

# রাজনীতিচর্চার প্রকৃতি ও ধরন বিষয়ে ঢাবিতে বিশেষ কমিটি

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার**

ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে রাজনীতি চর্চার প্রকৃতি ও ধরন বিষয়ে প্রধান অংশীজনদের সঙ্গে আলোচনার মাধ্যমে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে প্রয়োজনীয় পরামর্শ ও সুপারিশ করতে চার সদস্যের কমিটি গঠন করা হয়েছে। বৃহস্পতিবার বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দপ্তর থেকে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। এতে বলা হয়েছে, বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খানের নির্দেশনা অনুযায়ী খ্যাতিমান ব্যক্তিদের সমন্বয়ে একটি বিশেষ কমিটি গঠন করা হয়েছে।

সুপ্রিম কোর্টের আপিল বিভাগের অবসরপ্রাপ্ত বিচারপতি মো. আব্দুল মতিন কমিটির আহ্বায়ক হিসেবে দায়িত্ব পালন করবেন। অন্য সদস্যরা হলেন, বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের সাবেক চেয়ারম্যান ও ঢাবি উদ্ভিদবিজ্ঞান বিভাগের অবসরপ্রাপ্ত অধ্যাপক ড. জেড এন তাহমিদা বেগম, বাংলা একাডেমির চেয়ারম্যান ও ঢাবির বাংলা বিভাগের অবসরপ্রাপ্ত অধ্যাপক ড. আবুল কাসেম ফজলুল হক এবং ঢাবির গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের অধ্যাপক ড. এস এম শামীম রেজা। এই কমিটি প্রয়োজনে আরো তিন জন সদস্যকে কো-অপট করতে পারবেন বলেও বিজ্ঞপ্তিতে জানানো হয়।

## দৈনিক বর্তমান

# ঢাবি ক্যাম্পাসে রাজনীতি চর্চার প্রকৃতি ও ধরন বিষয়ক বিশেষ কমিটি গঠন

**ঢাবি প্রতিনিধি**

ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে রাজনীতি চর্চার প্রকৃতি ও ধরন বিষয়ে প্রধান অংশীজনদের সঙ্গে আলোচনার মাধ্যমে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে প্রয়োজনীয় পরামর্শ ও সুপারিশ প্রদানের জন্য উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খানের নির্দেশনা অনুযায়ী খ্যাতিমান

এরপর পৃষ্ঠা ৭ কলাম ২

## ঢাবি ক্যাম্পাসে রাজনীতি

ব্যক্তিবর্গের সমন্বয়ে একটি বিশেষ কমিটি গঠন করা হয়েছে। সুপ্রীম কোর্টের আপিল বিভাগের অবসরপ্রাপ্ত বিচারপতি মো. আব্দুল মতিন কমিটির আহ্বায়ক হিসেবে দায়িত্ব পালন করবেন। কমিটির অন্য সদস্যরা হলেন, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন-এর সাবেক চেয়ারম্যান ও ঢাকা বিশ্ববিদ্যালয় উদ্ভিদবিজ্ঞান বিভাগের অবসরপ্রাপ্ত অধ্যাপক ড. জেড.এন. তাহমিদা বেগম, বাংলা একাডেমির চেয়ারম্যান ও ঢাকা বিশ্ববিদ্যালয় বাংলা বিভাগের অবসরপ্রাপ্ত অধ্যাপক ড. আবুল কাসেম ফজলুল হক এবং ঢাকা বিশ্ববিদ্যালয় গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের অধ্যাপক ড. এস এম শামীম রেজা। এই কমিটি প্রয়োজনে আরও ৩জন সদস্যকে কো-অপট করতে পারবেন।

## ইত্তেফাক

### ঢাবিতে রাজনীতি চর্চা বিষয়ক বিশেষ কমিটি

**ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিনিধি ▷**

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসে রাজনীতি চর্চার প্রকৃতি ও ধরন নিয়ে প্রধান অংশীজনদের সঙ্গে আলোচনার মাধ্যমে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে প্রয়োজনীয় পরামর্শ ও সুপারিশ প্রদানের জন্য একটি বিশেষ কমিটি গঠন করা হয়েছে। ঢাবি উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমেদ খানের নির্দেশনা অনুযায়ী খ্যাতিমান ব্যক্তিদের সমন্বয়ে কমিটি গঠন করা হয়। বিজ্ঞপ্তিতে বলা হয়, সুপ্রিম কোর্টের আপিল বিভাগের অবসরপ্রাপ্ত বিচারপতি মো. আব্দুল মতিন কমিটির আহ্বায়ক হিসেবে দায়িত্ব পালন করবেন। কমিটির অন্য সদস্যরা হলেন বাংলাদেশ সরকারি কর্মকমিশনের সাবেক চেয়ারম্যান ড. জেড এন তাহমিদা বেগম, বাংলা একাডেমির চেয়ারম্যান ড. আবুল কাসেম ফজলুল হক এবং ঢাকা বিশ্ববিদালয়ের গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের অধ্যাপক ড. এস এম শামীম রেজা।

## জনকণ্ঠ

### ঢাবি ক্যাম্পাসে ছাত্ররাজনীতি নির্ধারণে বিশেষ কমিটি

**জনকণ্ঠ ডেস্ক ॥** ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) ক্যাম্পাসে রাজনীতি চর্চার প্রকৃতি ও ধরন বিষয়ে একটি বিশেষ কমিটি গঠন করা হয়েছে। বৃহস্পতিবার বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দপ্তর থেকে পাঠানো এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। বিশেষ কমিটি প্রধান অংশীজনদের সঙ্গে আলোচনার মাধ্যমে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে প্রয়োজনীয় পরামর্শ ও সুপারিশের জন্য উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খানের নির্দেশনা অনুযায়ী খ্যাতিমান ব্যক্তিদের সমন্বয়ে গঠন করা হয়েছে। সুপ্রিম কোর্টের আপিল বিভাগের অবসরপ্রাপ্ত বিচারপতি মো. আব্দুল মতিন কমিটির আহ্বায়ক হিসেবে দায়িত্ব পালন করবেন।

কমিটির অন্য সদস্যরা হলেন বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের সাবেক চেয়ারম্যান ও ঢাকা বিশ্ববিদ্যালয় উদ্ভিদবিজ্ঞান বিভাগের অবসরপ্রাপ্ত অধ্যাপক ড. জেডএন তাহমিদা বেগম, বাংলা একাডেমির চেয়ারম্যান ও ঢাকা বিশ্ববিদ্যালয় বাংলা বিভাগের অবসরপ্রাপ্ত অধ্যাপক ড. আবুল কাসেম ফজলুল হক এবং ঢাকা বিশ্ববিদ্যালয় গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের অধ্যাপক ড. এস এম শামীম রেজা। এই কমিটি প্রয়োজনে আরও তিন সদস্যকে কো-অপট করতে পারবেন বলেও বিজ্ঞপ্তিতে জানানো হয়।

## নয়াদিগন্ত

### ঢাবি ক্যাম্পাসে রাজনীতি চর্চা নির্ধারণে বিশেষ কমিটি গঠন

ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) ক্যাম্পাসে রাজনীতি চর্চার প্রকৃতি ও ধরন বিষয়ে প্রধান অংশীজনদের সাথে আলোচনার মাধ্যমে কর্তৃপক্ষকে প্রয়োজনীয় পরামর্শ ও সুপারিশ দেয়ার জন্য ভিসি অধ্যাপক ড. নিয়াজ আহমদ খানের নির্দেশনা অনুযায়ী খ্যাতিমান ব্যক্তিদের সমন্বয়ে একটি বিশেষ কমিটি গঠন করা হয়েছে।

সুপ্রিম কোর্টের আপিল বিভাগের অবসরপ্রাপ্ত বিচারপতি মো: আব্দুল মতিন কমিটির আহ্বায়ক হিসেবে দায়িত্ব পালন করবেন। কমিটির অন্য সদস্যরা হলেন পিএসসির সাবেক চেয়ারম্যান ঢাবি উদ্ভিদবিজ্ঞান বিভাগের অবসরপ্রাপ্ত অধ্যাপক ড. জেড এন তাহমিদা বেগম, বাংলা একাডেমির ■ ৪র্থ পৃ: ৩-এর কলামে

### ঢাবি ক্যাম্পাসে রাজনীতি

*৩য় পৃষ্ঠার পর*

চেয়ারম্যান অধ্যাপক ড. আবুল কাসেম ফজলুল হক এবং ঢাবি গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের অধ্যাপক ড. এস এম শামীম রেজা।

এই কমিটি প্রয়োজনে আরো তিনজন সদস্যকে কো-অপট করতে পারবেন। বিজ্ঞপ্তি।

## সময়ের আলো

### ঢাবি রাজনীতি চর্চার প্রকৃতি নির্ধারণে বিশেষ কমিটি

**● ঢাবি প্রতিনিধি**

ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে রাজনীতি চর্চার প্রকৃতি ও ধরন কেমন হবে তা নির্ধারণে বিশেষ কমিটি গঠন করা হয়েছে। বৃহস্পতিবার বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দফতরের পরিচালক মোহাম্মদ রফিকুল ইসলামের স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে ঐ কমিটি গঠনের কথা জানানো হয়েছে। বিজ্ঞপ্তিতে বলা হয়, ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে রাজনীতি চর্চার প্রকৃতি ও ধরন বিষয়ে প্রধান অংশীজনদের সঙ্গে আলোচনার মাধ্যমে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে প্রয়োজনীয় পরামর্শ ও সুপারিশ দেওয়ার জন্য উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খানের নির্দেশনা অনুযায়ী খ্যাতিমান ব্যক্তিবর্গের সমন্বয়ে একটি বিশেষ কমিটি গঠন করা হয়েছে।

বিজ্ঞপ্তিতে কমিটির সদস্যদের বিষয়ে বলা হয়, সুপ্রিম কোর্টের আপিল বিভাগের অবসরপ্রাপ্ত বিচারপতি মো. আবদুল মতিন কমিটির আহ্বায়ক হিসেবে দায়িত্ব পালন করবেন। কমিটির অন্য সদস্যরা হলেন—বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সাবেক চেয়ারম্যান ও ঢাকা বিশ্ববিদ্যালয় উদ্ভিদবিজ্ঞান বিভাগের অবসরপ্রাপ্ত অধ্যাপক ড. জেড.এন. তাহমিদা বেগম, বাংলা একাডেমির চেয়ারম্যান ও ঢাকা বিশ্ববিদ্যালয় বাংলা বিভাগের অবসরপ্রাপ্ত অধ্যাপক ড. আবুল কাসেম ফজলুল হক এবং ঢাকা বিশ্ববিদ্যালয় গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের অধ্যাপক ড. এস এম শামীম রেজা। এই কমিটি প্রয়োজনে আরও তিন জন সদস্যকে কো-অপট করতে পারবেন বলেও বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়েছে।

## আজকালের খবর

### ঢাবিতে রাজনীতি চর্চার প্রকৃতি ও ধরন নির্ধারণে বিশেষ কমিটি

**● ঢাবি প্রতিবেদক**

ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) ক্যাম্পাসে রাজনীতি চর্চার প্রকৃতি ও ধরন বিষয়ে প্রধান অংশীজনদের সঙ্গে আলোচনার মাধ্যমে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে প্রয়োজনীয় পরামর্শ ও সুপারিশ করতে চার সদস্যের কমিটি গঠন করা হয়েছে। গতকাল বৃহস্পতিবার পৃষ্ঠা ২ কলাম ৩

### ঢাবিতে রাজনীতি

প্রথম পৃষ্ঠার পর

বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দপ্তর থেকে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

এতে বলা হয়েছে, বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খানের নির্দেশনা অনুযায়ী খ্যাতিমান ব্যক্তিদের সমন্বয়ে একটি বিশেষ কমিটি গঠন করা হয়েছে। সুপ্রিম কোর্টের আপিল বিভাগের অবসরপ্রাপ্ত বিচারপতি মো. আব্দুল মতিন কমিটির আহ্বায়ক হিসেবে দায়িত্ব পালন করবেন। অন্য সদস্যরা হলেন- বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের সাবেক চেয়ারম্যান ও ঢাবি উদ্ভিদবিজ্ঞান বিভাগের অবসরপ্রাপ্ত অধ্যাপক ড. জেডএন তাহমিদা বেগম, বাংলা একাডেমির চেয়ারম্যান ও ঢাবির বাংলা বিভাগের অবসরপ্রাপ্ত অধ্যাপক ড. আবুল কাসেম ফজলুল হক এবং ঢাবির গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের অধ্যাপক ড. এস এম শামীম রেজা। এই কমিটি প্রয়োজনে আরো তিনজন সদস্যকে কো-অপট করতে পারবেন বলেও বিজ্ঞপ্তিতে জানানো হয়।

# দৈনিক বর্তমান



ইউনেস্কো ঘোষিত 'গ্লোবাল মিডিয়া অ্যান্ড ইনফরমেশন লিটারেসি সপ্তাহ' উদ্‌যাপন উপলক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয় তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগের উদ্যোগে আয়োজিত সেমিনার বৃহস্পতিবার আর. সি. মজুমদার আর্টস অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন -বর্তমান

# সংবাদ

## ঢাবি'র সিন্ডিকেট সভায় নতুন ৬ জন সদস্যের যোগদান

ঢাকা বিশ্ববিদ্যালয় সিন্ডিকেটের এক সভা গত বুধবার নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে অনুষ্ঠিত হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান সভায় সভাপতিত্ব করেন।

সভায় সিন্ডিকেটের ৬ জন নতুন সদস্য যোগদান করেন। তাঁরা হলেন চ্যান্সেলর কর্তৃক মনোনীত ৩ জন সদস্য-অধ্যাপক ড. তাজমেরী এস এ ইসলাম, অধ্যাপক ড. আকা ফিরোজ আহমদ ও অধ্যাপক ড. মোহাম্মদ আবু ইউসুফ, সরকার কর্তৃক মনোনীত ১ জন সদস্য-শিক্ষা সচিব এবং একাডেমিক পরিষদ কর্তৃক মনোনীত ২ জন সদস্য-ঢাকা মেডিকেল কলেজের অধ্যক্ষ ও ইডেন মহিলা কলেজের অধ্যক্ষ। ভিসি অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান সভায় নতুন সিন্ডিকেট সদস্যদের স্বাগত জানান।

সভায় প্রশাসনিক এবং একাডেমিক বিভিন্ন বিষয়ে আলোচনা ও পর্যালোচনা করা হয় এবং পূর্ববর্তী সিন্ডিকেট সভার বিভিন্ন কার্যক্রম অনুমোদন করা হয়। ভর্তি সংক্রান্ত বিষয়সহ ফিন্যান্স কমিটির সভা ও শৃঙ্খলা পরিষদের সভার সুপারিশ অনুযায়ী বিভিন্ন জরুরি বিষয়েও সভায় সিদ্ধান্ত গ্রহণ করা হয়। বিজ্ঞপ্তি।

# The Daily Star



## DU would welcome the decision

### Says pro-VC Mamun Ahmed

SIRAJUL ISLAM RUBEL

Dhaka University would support the government's decision to remove the seven colleges from DU's affiliation, said pro-Vice Chancellor (Academic) Dr Mamun Ahmed in a recent interview with The Daily Star.

"If the government decides to remove these colleges from our affiliation, we would be happy," Mamun said.

SEE PAGE 4 COL 5

## DU would welcome

FROM PAGE 3

He spoke about the challenges DU has faced since taking over the colleges in 2017.

"Dhaka University took on the responsibility of managing the seven colleges without adequate preparation. Ensuring the quality of education at these colleges required essential resources -- both financial and human -- which the government was expected to provide but failed to do.

From the outset, DU was unprepared to handle the extensive administrative demands of these colleges. Effective management required additional manpower and funding, yet neither was provided by the government," Mamun said.

"Without the necessary resources and preparation, the situation at these colleges only grew more complex over time. DU assumed responsibility, but without a proper managerial system in place, we struggled to fulfil our duties effectively.

This lack of resources meant that faculty and students alike faced increasing frustration, as we were assigned responsibilities that we couldn't fully manage."

He acknowledged the frustrations of seven college students, but added the unplanned affiliation has strained DU's resources.

He said an end to the union could allow DU to better serve its own students. However, he also said that the separation would require a transitional period.

"Even if the government decides to sever the affiliation, it won't happen overnight," he said.

DU is prepared to manage the colleges during the transition if the government provides necessary resources, he added.

## ভোরের কাগজ

আকিজ-মনোয়ারা শিক্ষা বৃত্তি

### ঢাবি শিক্ষার্থীদের কাছে দরখাস্ত আহ্বান

ঢাকা বিশ্ববিদ্যালয়ের আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামে প্রথমবর্ষে অধ্যয়নরত মেধাবী ও অসচ্ছল ১৫০ জন নিয়মিত শিক্ষার্থীকে 'আকিজ-মনোয়ারা শিক্ষা সহায়তা ট্রাস্ট' বৃত্তি দেয়া হবে। প্রত্যেক শিক্ষার্থীকে ১ বছরের জন্য মাসিক ৫ হাজার টাকা করে বৃত্তি দেয়া হবে। এই বৃত্তির জন্য ২০২৩-২০২৪ সেশনে ১ম বর্ষে ভর্তিকৃত নিয়মিত শিক্ষার্থীদের কাছ থেকে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা হয়েছে। আবেদন ফরম যথাযথভাবে পূরণ করে স্ব স্ব বিভাগীয় চেয়ারম্যান/ইনস্টিটিউটের পরিচালকের স্বাক্ষর ও সিলসহ আগামী ৫ ডিসেম্বরের মধ্যে রেজিস্ট্রারের অফিসে জমা দিতে হবে। বিজ্ঞপ্তি

## নয়া দিগন্ত

### আকিজ-মনোয়ারা বৃত্তির জন্য দরখাস্ত আহ্বান করেছে ঢাবি

ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) অনার্স প্রথম বর্ষে অধ্যয়নরত মেধাবী ও অসচ্ছল ১৫০ জন নিয়মিত শিক্ষার্থীকে 'আকিজ-মনোয়ারা শিক্ষা সহায়তা ট্রাস্ট' বৃত্তি দেয়া হবে। এর আওতায় প্রত্যেক শিক্ষার্থী এক বছরের জন্য মাসে পাঁচ হাজার টাকা করে বৃত্তি পাবেন।

এই বৃত্তির জন্য ২০২৩-২০২৪ সেশনে প্রথম বর্ষে ভর্তি হওয়া নিয়মিত শিক্ষার্থীদের কাছ থেকে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা হয়েছে। আবেদন ফরম যথাযথভাবে পূরণ করে নিজ নিজ বিভাগীয় চেয়ারম্যান/ইনস্টিটিউটের পরিচালকের স্বাক্ষর ও সিলসহ আগামী ৫ ডিসেম্বরে মধ্যে রেজিস্ট্রারের অফিসের ২০৭ (খ)-নং কক্ষে জমা দিতে হবে। বিজ্ঞপ্তি।

## ভোরের ডাক

### আকিজ-মনোয়ারা শিক্ষা বৃত্তির জন্য ঢাবি শিক্ষার্থীদের কাছ থেকে দরখাস্ত আহ্বান

ঢাকা বিশ্ববিদ্যালয়ের আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামে প্রথম বর্ষে অধ্যয়নরত মেধাবী ও অসচ্ছল ১৫০ জন নিয়মিত শিক্ষার্থীকে 'আকিজ-মনোয়ারা শিক্ষা সহায়তা ট্রাস্ট' বৃত্তি প্রদান করা হবে। প্রত্যেক শিক্ষার্থীকে ১ বছরের জন্য মাসিক ৫ হাজার টাকা করে বৃত্তি দেয়া হবে। এই বৃত্তির জন্য ২০২৩-২০২৪ সেশনে ১ম বর্ষে ভর্তিকৃত নিয়মিত শিক্ষার্থীদের কাছ থেকে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা হয়েছে। আবেদন ফরম যথাযথভাবে পূরণ করে স্ব স্ব বিভাগীয় চেয়ারম্যান/ইনস্টিটিউটের পরিচালকের স্বাক্ষর ও সীলসহ আগামী ৫ ডিসেম্বরের মধ্যে রেজিস্ট্রারের অফিসের ২০৭ (খ)- নং কক্ষে জমা দিতে হবে। -খবর বিজ্ঞপ্তি